

**শোল্লা আশেক আলী স্কুল এন্ড কলেজ** এর পক্ষ থেকে জানাই স্বাগতম ও শুভেচ্ছা। পৃথিবীর সাথে তাল মিলিয়ে দেশ যখন এগিয়ে যাচ্ছে আমরা কেন তাহলে অন্যদের চেয়ে পিছিয়ে থাকবো? আপনারা জেনে আনন্দিত হবেন যে, বাংলা একাডেমী কর্তৃক নির্ধারিত শুদ্ধ উচ্চারণের অঙ্গীকার নিয়ে আমরা সৃজনশীল শিক্ষা দানের উদ্দেশ্যে যুগোপযোগী ও আধুনিক স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে একটি যুগান্তকারী উদ্যোগ গ্রহণ করেছি।

**ঢাকা মহানগরী** এলাকায় অসংখ্য স্কুল গড়ে উঠেছে। কিন্তু সত্যিকার অর্থে ভালো স্কুলের সংখ্যা খুবই কম। সেক্ষেত্রে আমাদের প্রতিষ্ঠানটি এ অভাব পূরণে একটি ব্যতিক্রমী প্রচেষ্টা। ভবিষ্যত প্রজন্মকে তাদের সুপ্ত প্রতিভার যথাযথ বিকাশ ঘটিয়ে শারীরিক, মানসিক, চারিত্রিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধে উদ্ভুদ্ধ করে তোলার লক্ষ্যে সুদূর প্রসারী পরিকল্পনা হাতে নিয়েছি।

মেধাবী শিক্ষকগণের উচ্ছল উদ্দীপনায় সুশিক্ষার এক অপূর্ব পরিবেশ গড়ে তোলা হয়েছে। শিক্ষার্থীরা যাতে করে তাদের প্রতিভা বিকাশের উপযুক্ত ক্ষেত্র খুঁজে পায়। সাধারণ শিক্ষার পাশাপাশি ব্যক্তিগত জীবনে ধর্মীয় শিক্ষার অনুশাসন, মানবিক মূল্যবোধ ও কম্পিউটার শিক্ষা কর্মসূচীর বাস্তবায়নের মাধ্যমে বিজ্ঞান মনস্ক দৃষ্টিভঙ্গি অর্জনের মধ্য দিয়ে প্রকৃত শিক্ষা লাভের পথ নির্দেশ করাই এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য।

বাংলা ভাষার যথাযথ অনুশীলনের পাশাপাশি ইংরেজি ভাষাকে দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়ে উচ্চ শিক্ষার ক্ষেত্রে ভাষাগত দুর্বলতা নির্মূল করার দ্বার উন্মুক্ত করবে আশা করি। সাথে সাথে চিত্রাঙ্কন, সাহিত্য চর্চা, সাংস্কৃতিক কর্মসূচী, খেলাধুলা, শিক্ষা সফর তাদের মেধা বিকাশে ইতিবাচক সুফল বয়ে আনবে।

আমরা আশা করি, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের যুগোপযোগী চাহিদা মেটাতে এবং তাদের সুশিক্ষা লাভের সকল সুযোগ সম্প্রসারণ করতে সক্ষম হব ইন্শাআল্লাহ।